

জেএসসিতে উত্তীর্ণ ১৬ শতাধিক শিক্ষার্থীর সনদপত্র উধাও!

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা শিক্ষাবোর্ডের অধীন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় উত্তীর্ণ ২১টি বিদ্যালয়ের ১৬ শতাধিক শিক্ষার্থীর মূল সনদপত্র উধাও হয়ে গেছে। বোর্ড থেকে কেন্দ্রে নিয়ে যাওয়ার পথে এ ঘটনা ঘটে। এ ঘটনায় সংশ্লিষ্ট শিক্ষার্থীসহ অভিভাবকদের মাঝে উদ্বেগ-উৎকর্ষা বিরাজ করছে।

সূত্র জানায়, গত সোমবার রায়পুর এলএম পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কেন্দ্র সচিব ২০১৪ সালে ওই কেন্দ্র থেকে উত্তীর্ণ ১ হাজার ৬শ ১৬ জন পরীক্ষার্থীর মূল সনদ বোর্ড থেকে গ্রহণ করেন। একটি পিকআপ ড্রানে করে ওই সনদ ও অন্যান্য কাগজপত্র নিয়ে সন্ধ্যার দিকে কুমিল্লা বোর্ড থেকে লক্ষীপুরের রায়পুর যাওয়ার সময় পিকআপ ড্রান থেকে সনদপত্রগুলো হারিয়ে যায়। এ ঘটনার পর রায়পুর থানায় সাধারণ জয়েরি করা হয়।

মোবাইল ফোনে কেন্দ্র সচিব আবুল কালাম জানান, পিকআপ ড্রান থেকে সনদপত্রগুলো হারিয়ে গেছে। তাই এসব সনদপত্র ফিরে পেতে এলাকায় প্রচারণা চালানো হচ্ছে। বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ) বাহাদুর হোসেন জানান, সনদপত্র হারিয়ে যাওয়ার বিষয়ে কেন্দ্র সচিব মোবাইল ফোনে বোর্ডকে অবহিত করেছেন। এ বিষয়ে লিখিতভাবে অবহিত করার পর প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। জানতে চাইলে তিনি বলেন, পুনরায় ফি-প্রদান সাপেক্ষে নকল সনদ দেয়ার বিধান রয়েছে। তাই হারিয়ে যাওয়া সনদপত্র নিয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের উদ্বেগ হওয়ার কিছু নেই।